

## ইন্টারনেট সার্ভিসে যোগ দেওয়া



### কম্যুনিটি ফর টেলিকম রাইটস

ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার অর্থাৎ ইন্টারনেট ব্যবস্থাপক বাছাইয়ের আপনি নানা বিকল্প পাবেন। কয়েকটা কোম্পানি আপনাকে তাদের পরিসেবায় যুক্ত করার জন্য হয়ত বিশেষ প্রস্তাব দেবে। যে কোনো কোম্পানির পরিষেবায় যোগদানের আগে :

#### পুঙ্খানুপুঙ্খ খোঁজ নিয়ে তুলনা করে দেখুন

কয়েকটা কোম্পানির দর ও সার্ভিসের খোঁজখবর নিন। ঐ তথ্য তুলনা করে দেখুন তারপর সেই জ্ঞানের ভিত্তিতে কোন কোম্পানি ব্যবহার করা উচিত সেই সিদ্ধান্ত নিন। আপনার বাছাই করা কোম্পানির ব্যাপারে বন্ধু পরিজনদের অভিজ্ঞতা ভালো ছিল কি না জেনে নিন।

#### কয়েকটা ভালো অভিজ্ঞতার উদাহরণ :

- (1) ইন্টারনেট থেকে “নক্ অফ” হয় না
- (2) আজবাজে মেল ও “স্প্যাম” থেকে নিরাপত্তা
- (3) পরিষেবার বিজ্ঞাপনে যেমন প্রতিশ্রুতি করা হয়েছিল ঠিক ততটাই চার্জ দাবি করা, এবং
- (4) অননুমোদিত সরঞ্জাম বা সার্ভিস যেমন DSL -এর অর্ডার না করা হলেও আপনার কাছে পৌঁছে যাওয়ার বামেলা থেকে রেহাই।

#### “ট্রায়াল অফার” ও “লিমিটেড টাইম অফারের” সব খোঁজখবর নিয়ে নিন

বেশ কিছু ট্রায়াল (পরীক্ষা) বা সীমিত ট্রায়াল অফারে আপনার ফ্রি মেয়াদ শেষ হয়ে গেলে কোম্পানিকে জানিয়ে দিতে হয় যে আপনি ঐ পরিষেবা আর চান না। যদি ফ্রী ট্রায়ালের মেয়াদ শেষ হওয়ার আগে কোম্পানিকে না জানান যে আপনি ঐ সার্ভিস বন্ধ করে দিতে চান তাহলে ট্রায়াল মেয়াদ শেষ হলে পুরো দামে ঐ সার্ভিস বাবদ আপনার কাছে চার্জ করা হবে। অন্যান্য কোম্পানি আবার কয়েক মাস অল্প দামে সার্ভিস দিলেও তাদের চুক্তিতে কোথাও লেখা থাকে যে “ভূমিকাস্বরূপ” কম দামের অফার শেষ হওয়ার পর আপনি পুরো দাম দিতে বাধ্য।

#### লক্ষ্য রাখবেন আপনার ডায়াল-আপ নম্বর যেন স্থানীয় কল হয়

কম্পিউটারের “মোডেম” আপনাকে ইন্টারনেটে যুক্ত করে। এটা ফোনের মতই কাজ করে এবং আপনার কম্পিউটার থেকে ইন্টারনেটকে কল করে। আপনি

ব্যক্তিগত ফোন করলে যেমন খরচ হয় তেমনভাবেই ফোন কোম্পানি প্রত্যেকটা কলে আপনার কাছে চার্জ করবে। আপনার স্থানীয় ফোন কোম্পানীর কাছে জেনে নিন আপনি নিজের মোডেমে যে “অ্যাকসেস নম্বর” ডায়াল করছে তা স্থানীয় নম্বর কি না। একই এরিয়া কোড মানেই যে স্থানীয় কল হবে এমন কোনো কথা নেই। অগ্রসর হওয়ার আগে আবার সেটিং পরীক্ষা করে দেখুন ( যদি আপনি কেবল ইন্টারনেট বা DSL অ্যাকসেস ব্যবহার করেন তাতে মোডেমের প্রয়োজন নেই, সেখানে এটা প্রযোজ্য নয়)।

#### লক্ষ্য রাখবেন আপনার ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারের মজবুত গ্রাহক সমর্থন আছে কি না

কয়েকটা কোম্পানি টোল ফ্রী নম্বরের মাধ্যমে 24 ঘণ্টা সাহায্যের ব্যবস্থা রাখে। আপনার প্রোভাইডারের কাছে টোল-ফ্রী নম্বর না থাকলে, লং ডিসটেন্স কলের দাম না দিয়ে আপনার টেকনিকাল সাহায্য পাওয়া মুশ্কিল হতে পারে।



#### রেট অর্থাৎ দরগুলি ভালোমত বুঝে নিন

আপনি ফ্ল্যাট-রেট সীমাহীন ব্যবহার পরিকল্পনা ব্যবহার করছেন না কি আপনার প্ল্যানে সীমিত সময় (মিনিট) আছে জেনে নিন। যদি আপনার প্ল্যানে সীমিত মিনিট থাকে তাহলে অন-লাইন বেশী সময় কাটালে অতিরিক্ত চার্জ দিতে হতে পারে। আপনার প্ল্যানটা কি ধরণের এবং সীমিত সময়ের বেশী ব্যবহার করলে কতটা অতিরিক্ত চার্জ দিতে হবে জেনে নিন।

ক্রমশ...

#### আপনার স্থানীয় কম্যুনিটি বেসড অর্গ্যানাইজেশনের সঙ্গে যোগাযোগ করুন

সক্রিয় হন

### ফী বুঝে নিন

আপনার ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার ইন্টারনেট স্থাপন বাবদ সেট আপ ফী নেয় কি না জেনে নিন। যদি কিছু দিনের জন্য, যেমন প্রায়ই ছ মাসের বা এক বছরের জন্য আপনি কোনো ইন্টারনেট প্রোভাইডারের সার্ভিস ব্যবহার করায় সম্মতি দেন, তাহলে সেই কোম্পানি এসব ফী নাও নিতে পারে। যদি ঐ সার্ভিস বাতিল করে দিতে চান তাহলে হয়ত আপনার ইন্সটলেশন ও বাতিল করার ফী দিতে হতে পারে।




### প্রভেদ বুঝে নিন : ডায়াল আপ, কেবল, DSL, স্যাটেলাইট

◆ ডায়াল-আপ ইন্টারনেট অ্যাকসেস ফোন লাইনের মাধ্যমে ইন্টারনেটের সঙ্গে যুক্ত হতে হয়। অর্থাৎ অন-লাইন থাকাকালীন আপনি ফোন ব্যবহার করতে পারবেন না। এটা সাধারণ, ইন্টারনেট ব্যবহারের সবচেয়ে সস্তা উপায়।

◆ DSL খুব দ্রুত সার্ভিস যা ফোন লাইনে পাঠানো সিগন্যাল ব্যবহার করে। আপনি DSL ব্যবহার করার সময় ফোন কলও করতে পারবেন।

◆ কেবল মোডেম অ্যাকসেস। কেবল অ্যাকসেসে টিভি বা ফোন ব্যবহারে কোনো প্রভাব পড়বে না।

◆ স্যাটেলাইট সার্ভিস কোনো লাইন বা কেবল ব্যবহার করে না, গ্রাহক তার বাড়িতে বসানো স্যাটেলাইট ডিশ ব্যবহার করে। এটা DSL বা কেবল অ্যাকসেসের মত দ্রুত না হলেও ডায়াল- আপের চেয়ে দ্রুত।



ভাইরাস থেকে সুরক্ষার সফটওয়্যার ইন্সটল করে নিন

ভাইরাস সফটওয়্যার স্থাপন করে নিজের কম্পিউটারকে সুরক্ষিত রাখুন। বন্ধু ও আত্মীয়স্বজনের সঙ্গে কথা বলে আপনার MAC বা PC-র উপযুক্ত মূল্যের সেরা সফটওয়্যারের খোঁজখবর নিয়ে নিন।

### সাধারণ নির্দেশ :

*যদি আপনার ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার কে জিজ্ঞাসা করুন :*

আপনার ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার কে জিজ্ঞাসা করুন :

- ✓ আপনার মোট মাসিক বিল কত হবে?
- ✓ কাস্টমার সার্ভিস (গ্রাহক সেবার) লাইন কি নিঃশব্দ?
- ✓ কখন কাস্টমার সার্ভিস খোলা থাকে?
- ✓ আপনার ভাষায় কাস্টমার সার্ভিস আছে কি?
- ✓ আপনাকে যে রেট দেওয়া হচ্ছে তা পাওয়ার জন্য আপনি কি কমপক্ষে কয়েক মাস এই সার্ভিস ব্যবহার করতে বাধ্য?
- ✓ এই অ্যাকাউন্টে কটা ইমেল অ্যাকাউন্ট পাবেন?
- ✓ (যদি আপনার কাছে Mac থাকে) তাদের ইন্সটলেশন ডিস্ক Mac -এ কাজ করে কি?